



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ : ২৪.০২.২০২৫ খ্রি.

সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উচ্চ মাধ্যমিক পর্যায়ের শুধুমাত্র ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীরা কলেজ ওয়েবসাইটে (www.mccollege.edu.bd) প্রদত্ত উপবৃত্তি ফরম ডাউনলোড করে সঠিকভাবে সকল তথ্য পূরণপূর্বক আগামী ২৭.০২.২০২৫ খ্রি. তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

বিশেষ নির্দেশনা:

১। শুধুমাত্র ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীরা এ কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদন করতে পারবে। শিক্ষার্থীরা অন্যকোন সরকারি উৎস থেকে উপবৃত্তি অথবা অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করলে ও শিক্ষাবোর্ড কর্তৃক মেধা/সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা এ উপবৃত্তির জন্য আবেদন করতে পারবে না।

২। তথ্য প্রদান:

- শিক্ষার্থীর জন্মসনদ নম্বর অবশ্যই ১৭ ডিজিটের হতে হবে।
- পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর (১০ অথবা ১৭ সংখ্যা) অবশ্যই এন্ট্রি করতে হবে। ১৩ সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে প্রথমে জন্মসাল বসিয়ে ১৭ সংখ্যায় রূপান্তর করতে হবে।
- শিক্ষার্থীর উপবৃত্তি অর্থ প্রাপ্তির ক্ষেত্রে যে কোন বৈধ/সচল অনলাইন ব্যাংক/মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে হবে।
- শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল মাত্র পিতা-মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।
- HSP-MIS এ তথ্য এন্ট্রির সময় পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে অভিভাবক নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে। পিতা-মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।

অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

২৪/২/২০২৫